

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৭৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৩]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২০: মঙ্গলের প্রতি পথ-নির্দেশনা এবং সৎপথ অথবা অসৎপথের দিকে আহ্বান করার বিবরণ

(20) _ باب الدلالة على خير والدعاء إلى هدى أو ضلالة

আরবী

وَعَنْ أَبِي مَسعُودٍ عُقبةَ بنِ عَمرٍو الأَنصَارِي البَدرِي رضي الله عنه، قَالَ : قَالَ رَسُولُ الله صلى الله عليه وسلم: «مَنْ دَلَّ عَلَى خَيْرٍ فَلَهُ مِثْلُ أَجْرِ فَاعِلِهِ». رواه مسلم

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَأَداعُ إِلَىٰ رَبِّكَ ﴾ [القصيص: ٨٧]

অর্থাৎ "তুমি তোমার প্রতিপালকের দিকে আহ্বান কর।" (সূরা কাসাস ৮৭ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ ٱداَّعُ إِلَىٰ سَبِيلِ رَبِّكَ بِٱلدَّحِكامَةِ وَٱلدَّمُوا عِظَةِ ٱلدَّحَسَنَةِ اَ ﴿ النحل: ١٢٥]

অর্থাৎ "তুমি মানুষকে তোমার প্রতিপালকের পথে আহ্বান কর হিকমত ও সদুপদেশ দ্বারা।" (সূরা নাহল ১২৫ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ وَ تَعَاوَنُوا عَلَى ٱلآبِر وَٱلتَّقاوَىٰ ﴾ [المائدة: ٢]

অর্থাৎ ''সৎকাজ ও আত্মসংযমে তোমরা পরস্পর সহযোগিতা কর।'' (সূরা মায়েদাহ ২ আয়াত)

তিনি অন্যত্র বলেছেন,

﴿ وَلاَ تَكُن مِّنكُم ا أُمَّة ا يَداعُونَ إِلَى ٱلاَخَيارِ ﴾ [ال عمران: ١٠٤]



অর্থাৎ "তোমাদের মধ্যে এমন একটি দল থাকা উচিত, যারা (লোককে) কল্যাণের দিকে আহবান করবে।" (সূরা আলে ইমরান ১০৪ আয়াত)

১/১৭৮। আবূ মাসউদ উক্কবাহ ইবনু 'আমর আনসারী রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি ভাল কাজের পথ দেখাবে, সে তার প্রতি আমলকারীর সমান নেকী পাবে।"[1]

English

(20) Chapter: Calling to right guidance and forbidding depravity

Abu Mas'ud 'Uqbah bin 'Amr Al-Ansari Al-Badri (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) said, "Whoever guides someone to virtue will be rewarded equivalent to him who practices that good action".

[Muslim].

ফুটনোট

[1] মুসলিম ১৮৯৩, তিরমিয়ী ২৬৭১, আবূ দাউদ ৫১২৯, আহমাদ ২৭৫৮৫, ২১৮৩৪, ২১৮৪৬, ২১৮৫৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন